

সংবাদ বিজ্ঞপ্তি

এতিম দুইশ শিক্ষার্থীর জন্য নোবিপ্রবি উপাচার্যের ইফতার আয়োজন

এতিম ও অসহায় দুইশ মাদ্রাসা শিক্ষার্থীর জন্য ইফতার ও রাতের খাবারের আয়োজন করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। আজ শুক্রবার, ৬ রমজান (৭ মার্চ ২০২৫) নোবিপ্রবি সংলগ্ন বাংলাবাজার দারুল উলুম হোসাইনিয়া মাদ্রাসা ও এমিতখানায় ব্যক্তিগত উদ্যোগে তিনি এ আয়োজন করেন। ইফতারের আগে বিশেষ আলোচনা, দোয়া ও মোনাজাত পরিচালনা করা হয়। মোনাজাত পরিচালনা করেন মাদ্রাসার পরিচালক মাওলানা রুহুল আমিন।

বিশেষ আলোচনায় নোবিপ্রবি উপাচার্য বলেন, যেখানে কোরআনের আলোচনা হয় সেখানে ফেরেশতাদের বিচরণ। আমরা সে আলোচনায় আপনাদের সঙ্গে যোগ দিতে আজ এখানে উপস্থিত হয়েছি। আমরা চাই একজন মানুষ তিনি যে ধর্মের অনুসারী হউক না কেনো মুসলীম হলে কোরআন শিক্ষা, বা অন্যন্য জাগতিক যে শিক্ষালাভের মাধ্যমে মানুষ হয়ে গড়ে উঠবে। অন্য ধর্মালম্বী হলেও ঠিক একইভাবে মানুষ হয়ে বেড়ে উঠবে। সব ধর্মেই বলা আছে, ভালো কাজ করা, সৎপথে চলা এবং অন্যায় না করার কথা। তিনি আরও বলেন, এই রমজান মাসে যদি কোরআন ও মহানবী (সা.) এর নির্দেশনা কাজে লাগাতে পারি আমরা উপকৃত হবো। আমরা যদি ইসলামকে বুঝার চেষ্টা করতে পারি এবং তদানুযায়ী আমল করতে পারি তবেই আমরা ইহকাল ও পরকালের জীবনে কল্যাণকামী হবো।

এসময় তিনি কোরআনে হাফেজ এতিম শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, আমাদের কোরআনের পাখিরা সুন্দর কোরআন তেলওয়াত করে। কোরআনের যে শিক্ষা তাকে যদি আমরা কাজে লাগাতে পারি তাহলে আমাদের ব্যক্তি ও পারিবারিক জীবন সুখ ও শান্তিতে ভরে উঠবে।

ইফতার অনুষ্ঠানে অন্যদের মাঝে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এ. এফ. এম আরিফুর রহমান, পরিবহন প্রশাসক ড. কাওসার হোসেন, মাদ্রাসা পরিচালনা বোর্ডের সভাপতি হাজী আব্দুর রবসহ নোবিপ্রবি শিক্ষক, কর্মকর্তা ও মাদ্রাসার আবাসিক শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অংশ নেয়।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪